ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩০৩
ধর্মনগর, ১২ আগস্ট, ২০২৫

**হর ঘর তিরঙ্গা ঃ যুবরাজনগরে ৩৮ জনের স্বেচ্ছা রক্তদান**

হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ ধর্মনগরে যুবরাজনগর পঞ্চায়েত সমিতির সভাকক্ষে এক স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। যুবরাজনগর পঞ্চায়েত সমিতি ও যুবরাজনগর ব্লকের উদ্যোগে আয়োজিত এই রক্তদান শিবিরের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। স্বেচ্ছা রক্তদান শিবিরে ৩৮ জন রক্তদান করেন। রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অপর্ণা সিনহা, প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ, ব্লকের বিডিও প্রসেনজিৎ মালাকার, হাফলং পঞ্চায়েতের প্রধান সঞ্জিত সেন, সমাজসেবী কাজল কুমার দাস, কিরণ শঙ্কর দেবনাথ প্রমুখ।

*****